বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ৬৮০ /২০২৫ (এ এন্ড সি) তারিখঃ-০১ /১২/২০২৫ খ্রি.

নিম্নলিখিত প্রার্থীগণকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে "মালি" এর শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৮,২৫০-২০,০১০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কাজে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রম নং | নাম ও পিতা/স্বামীর নাম | রোল নং | পদের নাম |
|---|---|---|---|
| ১. | মোঃ মেহেদি হাসান বাপ্পি<br>পিতা- মোঃ রাজন হাওলাদার | ১৪০০৬০০ | মালি |
| ২. | মোঃ গোলাম রাব্বানী<br>পিতা- জয়নাল আবদীন | ১৪০০১০৫ | মালি |
| ৩. | মোঃ সাইদুল ইসলাম<br>পিতা- মোঃ জনাব আলী | ১৪০০১২৬ | মালি |

নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ১০/১২/২০২৫ খ্রি. তারিখ পূর্বাহ্নে অফিস সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের, সাধারণ ও সংস্থাপন শাখায় কাজে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

## শর্তাবলীঃ-

১. প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২. চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং বিভিন্ন কোটায় নিয়োগপ্রাপ্তদেরকে কোটার প্রমাণক যথাযথ কাগজাদি দাখিল করতে হবে।

৩. তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতিত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।

৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে এবং উক্ত অবস্থায় যে কোন মুহূর্তে কোনরূপ পূর্ব নোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন প্রার্থীকে চাকুরিচ্যুত করতে পারবে।

৫. তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকুরী হতে বাদ দেয়া হবে।

৬. বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি ৬(৩)(ক) অনুযায়ী শিক্ষানবিশকালীন সময়ের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।

৭. চাকরিতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করতে হবে।

৮. শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিরত থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।

৯. প্রযোজ্য ক্ষেত্রে আপনার পিতা/মাতা বা পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সনদপত্রের সপক্ষে যাবতীয় দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে।

১০. তাকে নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেষ্ট) এর সনদ সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।

১১. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হলে আপনি মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১২. প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা সংশ্লিষ্ট অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ/গেজেট যাচাই-বাছাইয়ান্তে আপনার সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের বিষয়টি সঠিক প্রমাণিত না হলে আপনার নিয়োগ বাতিল হবে এবং নিয়োগ পরবর্তী প্রাপ্ত সকল সুযোগ সুবিধা প্রত্যর্পণ করতে হবে।

১৩. কাজে যোগদানের পর যথানিয়মে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে; যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

১৪. কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,
স্বা/-

ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)।
ফোনঃ ০২-২২৩৩৮৬৮২৬।

স্মারক নং- ২২২৭২ (৪) জি,ই,এস, তারিখঃ- 01 DEC 2025

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএএফও/বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং ৫২৮, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।

৫। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৬। কোর্ট অফিসার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৭। মোঃ মেহেদি হাসান বাপ্পি, পিতা- মোঃ রাজন হাওলাদার, প্রযত্নে- মোঃ রাজন হাওলাদার, গ্রাম/রাস্তা- কুতুবপুর, ডাকঘর- চরজানাজাত, পোস্টকোড নম্বর- ৭৯৩০, উপজেলা- শিবচর, জেলা- মাদারীপুর।

৮। মোঃ গোলাম রাব্বানী, পিতা- জয়নাল আবদীন, প্রযত্নে- মনোয়ারা বেগম, গ্রাম/রাস্তা- হাজিপুর, ডাকঘর- হাজিপুর, পোস্টকোড নম্বর- ৩৮২১, উপজেলা- বেগমগঞ্জ, জেলা- নোয়াখালী।

৯। মোঃ সাইদুল ইসলাম, পিতা- মোঃ জনাব আলী, প্রযত্নে-মোঃ জনাব আলী, গ্রাম/রাস্তা- করশালিকা, ডাকঘর- করশালিকা, পোস্টকোড নম্বর- ৬৬৮০, উপজেলা- শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ।

১০। অফিস কপি/গার্ড ফাইল।

01 DEC 2025
(মোঃ অলি উল্লাহ)
সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

D:\GES MD. SHAKIL MIAH\APPOINTMENT FOR VARIOUS POST\MALI.DOC